ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০২৭
আগরতলা,৩০ জুলাই,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘জিবি হাসপাতালে চিকিৎসার গাফিলতিতে মৃত্যু যুবকের,’’ এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় গত ২৭ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, উক্ত রোগীকে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের ট্রমা কেয়ার সেন্টারে মাথায় গুরুতর আঘাত ও একাধিক অঙ্গের আঘাত নিয়ে গত ১৪ জুলাই, ২০২৫ তারিখে ভর্তি করা হয়। রোগীর অবস্থা অত্যন্ত সংকটজনক হওয়ায় তাকে তাৎক্ষণিকভাবে সমস্ত প্রাথমিক ও বিশেষজ্ঞ চিকিৎসা প্রদান করা হয়। বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার পর গত ১৭ জুলাই, ২০২৫ তারিখে নিউরো সার্জারি বিভাগের চিকিৎসকদের নেতৃত্বে অস্ত্রোপচার সম্পন্ন করা হয়। অস্ত্রোপচারের পরও রোগীর শারীরিক জটিলতা বজায় ছিল এবং চিকিৎসকের সমস্ত নিরলস প্রচেষ্টা সত্ত্বেও রোগী গত ২৬ জুলাই, ২০২৫ তারিখে দুপুর ১টা ২০মিনিট নাগাদ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। উল্লেখ্য, রোগীর পরিবারকে তার চিকিৎসা প্রক্রিয়া ও শারীরিক অবস্থার বিষয়ে প্রতিনিয়ত অবহিত করা হয়েছে এবং সমস্ত প্রয়োজনীয় চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে প্রদান করা হয়েছে।

*****